শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.২৬০০.০১৭.২৭.০০২.২০২০-৯৮৩

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ।
২৫ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকা জেলার সাভার উপজেলাধীন ১১নং কাউন্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আতিকুর রহমান খান (শান্ত) এর বিরুদ্ধে সিংগাসার আলী আহম্মদ স্কুল হইতে বেলতলা মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন প্রকল্পের ৪০ (চল্লিশ) লক্ষ টাকার বরাদ্দের মধ্যে ১০% কাজ করে বাকি টাকা আত্মসাত, ২০১৭-২০১৮ অর্থবছরে বাকসাত্রা নদীর ঘাট হইতে আবু বক্কর এর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কারের নিমিত্ত টি. আর কাবিখার বরাদ্দকৃত চাল আত্মসাত এবং ইউনিয়ন পরিষদের মাসিক সভার কার্যবিবরণী বহিতে ইউপি সদস্যদের স্বাক্ষর না নিয়ে ইউনিয়ন পরিষদের কাজ চালিয়ে যাওয়ার অভিযোগ স্থানীয় তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, ঢাকা জেলার সাভার উপজেলাধীন ১১নং কাউন্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আতিকুর রহমান খান (শান্ত), সিংগাসার আলী আহম্মদ স্কুল হইতে বেলতলা মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন প্রকল্পের ৪০ (চল্লিশ লক্ষ) টাকার বরাদ্দের মধ্যে ১০% কাজ করে বাকি টাকা আত্মসাত, ২০১৭-২০১৮ অর্থবছরে বাকসাত্রা নদীর ঘাট হইতে আবু বক্কর এর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কারের নিমিত্ত টি. আর কাবিখার বরাদ্দকৃত চাল আত্মসাত এবং ইউনিয়ন পরিষদের মাসিক সভার কার্যবিবরণী বহিতে ইউপি সদস্যদের স্বাক্ষর না নিয়ে ইউনিয়ন পরিষদের কাজ চালিয়ে যাওয়ার অভিযোগ স্থানীয় তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং যেহেতু তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ঢাকা জেলার সাভার উপজেলাধীন ১১নং কাউন্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আতিকুর রহমান খান (শান্ত) কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) ধারায় অপরাধ সংঘটিত করায় ৩৪(১) ধারা অনুযায়ী ইউপি চেয়ারম্যান জনাব আতিকুর রহমান খান (শান্ত) কে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২৫/১১/২০২১

(মোহাম্মদ আজিজুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.২৬০০.০১৭.২৭.০০২.২০২০-৯৮৩

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ।
২৫ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। বিভাগীয় কমিশনার, ঢাকা।
২। জেলা প্রশাসক, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। জনাব আতিকুর রহমান খান (শান্ত), চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত) ১১নং কাউন্দিয়া ইউনিয়ন পরিষদ, সাভার, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫/১১/২০২১

(মোহাম্মদ আজিজুল ইসলাম)
উপসচিব

D:\Share\UP\sohag\letter-7-6